যুগান্তর

৬/১০/২০০০

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ..৫.. কলাম ...৪......

# শুকতারা ও ফ্রি-প্রেসের সাড়ে ২৬ লাখ টাকা বাজেয়াপ্ত

যুগান্তর রিপোর্ট

সময়মতো পাঠ্যপুস্তক সরবরাহে ব্যর্থতা, দায়িত্বে অবহেলা ও কার্যাদেশ অনুযায়ী কাজ না করার দায়ে দুটি প্রতিষ্ঠানের পারফরমেন্স গ্যারান্টি বাজেয়াপ্ত এবং জরিমানা ও পাঁচটি প্রতিষ্ঠানের কার্যাদেশ বাতিলসহ আরও ১০৫টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা করা হয়েছে। এছাড়া কারও কারও বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

প্রধানমন্ত্রীর পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন রোববার জাতীয় সংসদে ঝিনাইদহ থেকে নির্বাচিত মোঃ শহীদুল ইসলামের এক তারকাচিহ্নিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান। তিনি জানান, সময়মতো পাঠ্যপুস্তক সরবরাহে ব্যর্থ হওয়ায় বোর্ডের সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মেসার্স শুকতারা প্রিন্টার্স লিমিটেড এবং ফ্রি-প্রেস লিমিটেডের জমাকৃত পারফরমেন্স গ্যারান্টির ২৬ লাখ ৬০ হাজার ৬৮২ টাকা ৬০ পয়সা বাজেয়াপ্ত করা হয়েছে। বিলম্বে পুস্তক সরবরাহ, পুস্তনি ব্যবহার না করা, পুস্তনি একদিকে ব্যবহার করা, ত্রুটিপূর্ণ বাঁধাই ইত্যাদি কারণে ওই দুটি প্রতিষ্ঠানের জরিমানাসহ শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হচ্ছে, যা প্রক্রিয়াধীন রয়েছে।

## সময়মতো পাঠ্যপুস্তক সরবরাহে ব্যর্থতা

এছাড়াও নির্ধারিত সময়ের মধ্যে পাঠ্যপুস্তক সরবরাহ করতে ব্যর্থ হওয়ায় চুক্তিপত্র অনুযায়ী ১০৫টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা করা হয়েছে এবং পাঠ্যপুস্তক সরবরাহে দায়িত্বে অবহেলার জন্য পাঁচটি প্রেসের কার্যাদেশ বাতিল করা হয়। এগুলো হচ্ছে- মেসার্স বেঙ্গল প্যাকেজেস, ঢাকা; মেসার্স বইপত্র, রাজশাহী; মেসার্স আহমেদ অফসেট প্রেস, রাজশাহী; মেসার্স জাহান গ্রুপ অব পাবলিকেশন্স, ময়মনসিংহ এবং মেসার্স নিউ সুজাত আর্ট প্রেস, ঢাকা।

মন্ত্রী বলেন, ২০০১ শিক্ষাবর্ষের প্রাথমিক স্তরের পাঠ্যবই মুদ্রণ, বাঁধাই এবং পরিবহনের জন্য দরপত্র আহ্বান করা হলে ৭৪১টি দরপত্র পাওয়া যায়। কিন্তু সর্বনিম্ন দরদাতার কাগজপত্র ঠিক না থাকায় আবার দরপত্র আহ্বান করা হয় এবং সাতটি দরপত্র পাওয়া যায়, যার ছয়টি রেসপনসিভ বিবেচিত হয়। এর মধ্যে সর্বনিম্ন দরদাতা মেসার্স শুকতারা প্রিন্টার্স লিমিটেডকে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অনুমোদনক্রমে এক কোটি ৯৩ লাখ ৫৮ হাজার ৬৯৬ কপি বই ছাপা, বাঁধাই ও পরিবহনের কার্যাদেশ দেয়া হয়। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের নির্দেশে ২০০০ সালের ৯ অক্টোবর শুকতারার উদ্ধৃত দরে বাকি পাঁচটি রেসপনসিভ প্রতিষ্ঠানকে কাজ করার অনুরোধ করলে একমাত্র ফ্রি-প্রেস লিমিটেড সম্মত হয় এবং তাদের চাহিদা মোতাবেক এক কোটি ৫০ লাখ ৯৬ হাজার ১৬৪ কপি বই ছাপা, বাঁধাই ও পরিবহনের কার্যাদেশ দেয়া হয়। ২০০১ শিক্ষাবর্ষের পাঁচ কোটি বইয়ের চাহিদার বিপরীতে ওই দুটি প্রতিষ্ঠানকে মোট তিন কোটি ৪৪ লাখ ৫৪ হাজার ৮৬০ কপি বই ছাপা, বাঁধাই ও পরিবহনের কার্যাদেশ দেয়া হয়। এর বাইরে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অনুমোদনক্রমে সর্বনিম্ন দরে কাজ করতে আরও ১০৮টি প্রতিষ্ঠানের কাছ থেকে সম্মতি পাওয়া যায়, যার মধ্যে ১০৫টি প্রতিষ্ঠানকে অবশিষ্ট এক কোটি ৫৫ লাখ ৪৫ হাজার ১৪০ কপি বই ছাপা, বাঁধাই ও পরিবহনের কার্যাদেশ দেয়া হয়। যথাসময়ে বই সরবরাহ করতে পারবে না মনে করে পরবর্তী সময়ে শুকতারা ও ফ্রি-প্রেসের কাছ থেকে মোট এক কোটি ৯৪ লাখ দুহাজার ৫০৮ কপি বইয়ের কার্যাদেশ প্রত্যাহার করে সেগুলো ওই ১০৫টি প্রতিষ্ঠানের মধ্যে বণ্টন করে মুদ্রণ কাজ শেষ করার কার্যাদেশ দেয়া হয়। কিন্তু ওইসব প্রতিষ্ঠান যথাসময়ে বই সরবরাহ করতে ব্যর্থ হয়েছে।